যায়যায়দিন

তারিখ 14 JAN 2009
পৃষ্ঠা 14 কলাম JAN 2009
৩ ২

### খুবিতে ভর্তি পরীক্ষা ১৫ থেকে ১৭ জানুয়ারি

# ৬৩৯ আসনে পরীক্ষার্থী ২০,০৭৫

খুলনা বিশ্ববিদ্যালয়ে (খুবি) ২০০৮-০৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা ১৫ জানুয়ারি বৃহস্পতিবার শুরু হচ্ছে। এবার পাঁচটি স্কুলের আওতায় ১৬টি ডিসিপ্লিনের ৬৩৯ আসনের বিপরীতে ২০ হাজার ৭৫ শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাচ্ছে। অর্থাৎ প্রতি আসনের বিপরীতে লড়ছে ৩১ জন শিক্ষার্থী।

পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী ১৫ জানুয়ারি সকাল ১০টায় অনুষ্ঠিত হবে সমাজবিজ্ঞান স্কুলের ভর্তি পরীক্ষা। এ স্কুলের আওতায় দুটি ডিসিপ্লিনে ৭৪টি আসনের বিপরীতে পরীক্ষার্থী ৪ হাজার ১২৪। একইদিন দুপুর আড়াইটায় অনুষ্ঠিত হবে কলা ও মানবিক স্কুলের ভর্তি পরীক্ষা। এ স্কুলের আওতায় একটি ডিসিপ্লিনে ৪২টি আসনের বিপরীতে লড়ছে ৩ হাজার ২ জন। ১৬ জানুয়ারি শুক্রবার সকাল ১০টায় অনুষ্ঠিত হবে ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুলের ভর্তি পরীক্ষা। এ স্কুলের আওতায় একটি ডিসিপ্লিনে ৫৪টি আসনের বিপরীতে পরীক্ষা দেবে ৩ হাজার ১২৩ শিক্ষার্থী। ১৭ জানুয়ারি শনিবার সকাল ১০টায় অনুষ্ঠিত হবে বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের পরীক্ষা। এ স্কুলের পাঁচটি ডিসিপ্লিনে ২১০টি আসনের বিপরীতে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৪ হাজার ৪৮৫। একইদিন বিকাল ৩টায় অনুষ্ঠিত হবে জীববিজ্ঞান স্কুলের ভর্তি পরীক্ষা। সাতটি ডিসিপ্লিনে ২৫৯ আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করবে ৫ হাজার ৩৪১ জন।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয় থেকে জানানো হয়, ক্যাম্পাসে অবস্থিত ১ নাম্বার একাডেমিক ভবনে ১ থেকে ১,৭৫০ ও ২ নাম্বার একাডেমিক ভবনে ১,৭৫১ থেকে ৩,১২৩ পর্যন্ত এবং খুলনা সিটি করপোরেশন উইমেন্স কলেজ (খুলনা কলেজিয়েট গার্লস স্কুল, খানজাহান আলী রোড) উপকেন্দ্রে ৩,১২৪ থেকে ৫,৩৪২ রোল নাম্বারধারীদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.ku.ac.bd পাওয়া যাবে।

ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরিচালনার জন্য নিরাপত্তা ব্যবস্থাসহ সার্বিক বিষয়ে স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ভর্তি ও নিরাপত্তা সংক্রান্ত কমিটির একটি সভা গতকাল অনুষ্ঠিত হয়েছে। বিজ্ঞপ্তি